



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবোর্ডি/কলেজ/নিবন্ধন/২০২১/১১২৯(২)

তারিখ : ২৫/০৮/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্বিতীয় পর্যায়ে ছাড়পত্র প্রদানের বিজ্ঞপ্তি:


২০২০-২০২১ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগামী ০১/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ৩১/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত দ্বিতীয় পর্যায়ে ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তন করা যাবে।

ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে নিম্নলিখিত শর্ত পালন করতে হবে:

- ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান নির্ধারিত নূন্যতম যোগ্যতা (জিপিএ) অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠান নির্ধারিত শাখা ভিত্তিক আসন সংখ্যার মধ্যে কেবল মাত্র আসন ফাঁকা থাকা সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা যাবে।
- বোর্ড কর্তৃক সরবরাহকৃত কলেজ পরিবর্তনের আবেদন ফরমে অধ্যয়নরত কলেজে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পঠিত বিষয় সমূহের সাথে বদলীকৃত কলেজের পাঠদানের বিষয় সমূহের মিল থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদন ফরমে সুপারিশ ও স্বাক্ষর করবেন। অন্যথায় এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।
- ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- আবেদন ফরমের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।
- ছাড়পত্রের আবেদন ফরম অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd) হতে সংগ্রহ করতে হবে।
- বদলী ইচ্ছুক কলেজে আসন শূন্য না থাকলে এবং ভর্তির ক্ষেত্রে নূন্যতম যোগ্যতা (জিপিএ) পূরণ না হলে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদন ফরমে কোনক্রমেই “আসন শূন্য নেই” মর্মে স্বাক্ষর করবেন না।

অধ্যক্ষ,

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ

  
(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।  
২৫/০৮/২০২১